

কলাস্নাতক অন্ত্য সিমেন্টার পরীক্ষা, ২০১৭

(দ্বিতীয় বর্ষ, চতুর্থ সিমেন্টার)

বাংলা

বাংলা সাহিত্যের ইতিহাস (আধুনিক যুগ)

কোর্স ইউ. জি. - ৪.১

সময় দু ঘণ্টা

পূর্ণমান ৩০

প্রতি পর্ব থেকে অন্তত একটি করে মোট তিনটি প্রশ্নের উত্তর দাও।

পর্ব - ক

১. উনিশ শতকে গীতিকাব্যের ধারা কীভাবে নানা বাঁকবদলের মধ্যে দিয়ে এগিয়েছে, সে বিষয়ে সংক্ষেপে আলোচনা করো। উনিশ শতকের একসময়ে মহাকাব্য ও গীতিকাব্যের ধারা পাশাপাশি বর্তমান ছিল। তারপর ধীরে ধীরে মহাকাব্যের ধারাটি অবলুপ্ত হয়ে গীতিকবিতাই হয়ে উঠল একচ্ছত্র। এর কারণ কী বলে তোমার মনে হয়? ৬+৪
২. বঙ্গদেশে মুদ্রণযন্ত্রের প্রসারের প্রাথমিক ইতিহাসটি বিবৃত করো। আঠারো-উনিশ শতকে সুর-ছন্দের চেনা আশ্রয় ছেড়ে বাংলাভাষা যে গদ্যনির্ভর হয়ে উঠল, এর সঙ্গে মুদ্রণযন্ত্র প্রসারের কোনো অনিবার্য সম্পর্ক আছে কি? বুঝিয়ে লেখো। ১০

(Turn over)

(2)

৩. উনিশ শতকের কলকাতার শখের থিয়েটারগুলি গড়ে ওঠার প্রেক্ষাপট সম্পর্কে আলোচনা করো। সেইসঙ্গে উনিশ শতকের বাংলা থিয়েটারের প্রধান প্রবণতাগুলি বিষয়ে সংক্ষেপে লেখো। ৪+৬
৪. উনিশ শতকে বাংলা ঐতিহাসিক ও পৌরাণিক নাটকের জনপ্রিয়তার সম্ভাব্য কারণ উল্লেখ করো। বাংলা পৌরাণিক নাটক রচনায় গিরিশচন্দ্র ঘোষের অবদান সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো। ৪+৬
৫. টীকা লেখো (যে কোনো দুটি) ২x৫
- ক. মধুসূদন দত্তের প্রহসন
খ. কবিগান
গ. নাট্য নিয়ন্ত্রণ আইন
ঘ. রামমোহন রায়ের বাংলা গদ্য

পর্ব - খ

৬. বঙ্গভঙ্গ বিরোধী আন্দোলন বাংলা সাহিত্যে কী ধরনের প্রভাব ফেলেছিল বলে তোমার মনে হয়? তথ্যসহ আলোচনা করো। ১০
৭. 'নাটক পাঠকের জন্য ভাবুকের জন্য, দর্শকের জন্য ততটা নয়,' রবীন্দ্রনাথের এই মন্তব্যের প্রেক্ষিতে তাঁর নাটকগুলির শিল্পরূপ সম্পর্কে আলোচনা করো। ১০
৮. বাংলা উপন্যাসের ধারায় তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়ের অভিনবত্ব সম্পর্কে তোমার মতামত দাও। ১০

(3)

৯. বাংলা সাহিত্য ও সংস্কৃতির ধারায় নিম্নলিখিত যে কোনো একটি পত্রিকার গুরুত্ব আলোচনা করো।
- ক. সবুজপত্র
খ. কল্লোল
গ. ভারতবর্ষ

— X —